

ট্রেজারারকে উপাচার্যের লিখিত গ্রন্থ প্রদান



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান রচিত 'বঙ্গবন্ধু, শেখ হাসিনা ও সাম্প্রতিক বাংলাদেশ' নামক গ্রন্থটি প্রকাশিত হয়েছে। এ উপলক্ষে ১৬ ফেব্রুয়ারি-২০২০, রবিবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-কে গ্রন্থটি শুভেচ্ছা স্বরূপ প্রদান করেন।

উল্লেখ্য, ১৭ ফেব্রুয়ারি-২০২০, সোমবার গ্রন্থটির মোড়ক উন্মোচন অনুষ্ঠান অমর একুশে গ্রন্থমেলায় 'লেখকপুঞ্জ মোড়ক উন্মোচন' (সোহরাওয়ার্দী উদ্যান) মঞ্চে অনুষ্ঠিত হবে।

'অমর একুশে গ্রন্থমেলা ২০২০' এ মেরিট ফেয়ার প্রকাশন (স্টল # ৩৯১-৩৯৩, টিএসটি গেইট, সোহরাওয়ার্দী উদ্যান) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল (স্টল # ৪৯, বাংলা একাডেমি প্রাঙ্গণ, মূল ভবনের সামনে) গ্রন্থটি পাওয়া যাবে।